

আনন্দ শোভাযাত্রা ও নবীনবরণ অনুষ্ঠিত

লালমনিরহাটের আদিতমারী জিএস মডেল স্কুল অ্যান্ড কলেজকে সরকারিকরণ করায় আনন্দ শোভাযাত্রার আয়োজন করেছে স্কুল কর্তৃপক্ষ। এছাড়া আলোচনা সভা ও ২০১৯ সালের একাদশ শ্রেণির নবাগত ছাত্র-ছাত্রীদের নিয়ে নবীনবরণ অনুষ্ঠানও অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার (১০ জানুয়ারী) আদিতমারী জিএস মডেল স্কুল অ্যান্ড কলেজ মাঠ থেকে সকলের অংশগ্রহণে আনন্দ শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রায় নেতৃত্ব দেন প্রয়াত সংসদ সদস্য মজিবুর রহমানের দ্বিতীয় পুত্র ব্রিগেডিয়ার জেনারেল শামীম কামাল পিপলু। এর আগে আদিতমারী কেন্দ্রীয় কবরস্থান জিয়ারত ও কান্তেশ্বর বর্মন স্মৃতি স্তম্ভে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

শেষে স্কুল মাঠে অত্র প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক অনিল চন্দ্র রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন অত্র প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত সহকারী শিক্ষক মোজাম্মেল হক, উত্তর বাংলা ডিগ্রি কলেজের প্রতিষ্ঠাতা বিশিষ্ট অর্থনীতিবিদ ড. মোজাম্মেল হক, মরহুম সংসদ মজিবুর রহমানের পুত্র ও প্রাক্তন ছাত্র ব্রিগেডিয়ার জেনারেল শামীম কামাল প্রমুখ।

অনুষ্ঠানে সব শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।